45

দৈনিক
ইনকিলাব

তারিখ 31 DEC 1996
পৃষ্ঠা ৫ কলাম ৫

# শিক্ষাঙ্গন

## মেডিকেল ভর্তি পরীক্ষায় আবেদনকারীর যোগ্যতার সমতা

দেশবাসী তথা দেশের মেডিকেল ভর্তি পরীক্ষা বোর্ডের কারোরই অজানা নেই এইচএসসি ৯৬-এর পাসের ইতিহাস। তাই কর্তৃপক্ষ এ বছর মেডিকেল ভর্তির আবেদনের যোগ্যতা গত বছরের চেয়ে ১০০ নম্বর কমিয়ে ১২০০ নম্বর করেছেন, নিঃসন্দেহে কর্তৃপক্ষের এ উদ্যোগ প্রশংসনীয়। কিন্তু গত বছর যারা এইচএসসি পাস করেছেন তারাও চলতি বছরের পাসকারীদের ন্যায় একই যোগ্যতার মার্কস নিয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং তাদেরও এসএসসি এবং এইচএসসির প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪% এবং ৬% ধরে মেধা স্কোর তৈরী করা হবে এটা কি সমতা বা প্রশংসার দাবী রাখে?

তাই মেডিকেল পরীক্ষা বোর্ডকে সমতার ভিত্তিতে মেডিকেল ভর্তির জন্য সকল মেধা স্কোর উঠিয়ে শুধুমাত্র ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতেই এ বছর ছাত্রছাত্রী ভর্তি করানোর জন্য অনুরোধ জানাই।

—মোঃ মনিরুল ইসলাম,
গাইবান্ধা সরকারী কলেজ।